

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১৩

১/ বিবিধ

আরবী

ذروا الحسناء العقيم، وعليكم بالسوداء الولود، فإني مكاثر بكم الأئم حتى بالسقوط  
محبنتها على باب الجنة، فيقال له: ادخل الجنة. فيقول: حتى يدخل والدي معى  
موضوع

رواه ابن عدي (98/2) من طريق أبي يعلى عن عمرو بن حصين: حدثنا حسان بن  
سياه

: حدثنا عاصم عن زر عن عبد الله مرفوعا وقال  
" لا يرويه عن عاصم غير حسان بن سياه، وعامة حديثه لا يتبع عليه والضعف بين  
على روایاته

قلت: وكلام ابن حبان فيه يدل على أنه شديد الضعف، وقد ذكرته قريبا تحت  
ال الحديث (1409). لكن الراوي عنه عمرو بن حصين شر منه، فقد اتهم بالوضع كما  
تقدمن غير مرة، ولذلك فقد أساء السيوطي بذكره للحديث في "الجامع الصغير" من  
رواية ابن عدي! ولكنه أساء مرة أخرى، فإنه لم يورده بتمامه، وإنما إلى  
 قوله: "الولود"! فأوهم أنه كذلك عند ابن عدي، وشاركه في هذا المناوي فإنه  
قال

وزاد أبو يعلى في روايته: فإني مكاثر  
فأوهم أن هذه الزيادة ليست عند ابن عدي! فكانه لم يقف عليه عنده، أو أنه لم  
يتتبه أنه تلقاء من أبي يعلى، والأول أقرب عندي. والله تعالى أعلم

ثم تعقب السيوطي لسكته عليه، فقال بعد أن ذكر تجريح ابن عدي المذكور لحسان  
نقلًا عن "اللسان"

"وبه يعرف أن سكت المصنف على عزوه لابن عدي وحذفه من كلامه إعلاله غير  
صواب"

قلت: ومثل هذا السكت يكثر من السيوطي رحمه الله تعالى ومن غيره أيضا  
وهذا شيء ابتدأ به المتأخرون كثيراً، ولا يكاد ينجومنه إلا القليل، وليس  
ذلك من النصح في شيء. والله تعالى هو المستعان

বাংলা

১৪১৩। তোমরা সুন্দরী বন্ধ্যা নারীদের ত্যাগ করে বেশী সন্তান প্রসবকারী কালো মহিলাদের গ্রহণ কর। কারণ  
আমি তোমাদের নিয়ে অন্যান্য উম্মাতের সামনে অহঙ্কার করব এমনকি (মায়ের পেট থেকে) পড়ে যাওয়া সন্তান  
দ্বারা যে রাগান্বিত অবস্থায় কিছুর জন্য জান্মাতের দরজার সামনে অপেক্ষা করবে। তাকে বলা হবে তুমি জান্মাতে  
প্রবেশ কর তখন সে বলবেঃ আমার সাথে আমার পিতা-মাতা প্রবেশ না করা পর্যন্ত নয়।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ইবনু আদী (২/৯৮) আবু ইয়ালা সূত্রে আমর ইবনু হুসায়েন হতে, তিনি হাসসান ইবনু সিয়্যাহ হতে,  
তিনি আসেম হতে, তিনি যার হতে, তিনি আব্দুল্লাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ আসেম হতে হাসসান ইবনু সিয়্যাহ ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। আর তার অধিকাংশ  
হাদীসের অনুসরণ করা হয়নি। তার বর্ণনাগুলোর দুর্বলতা সুস্পষ্ট।

আমি (আলবানী) বলছিঃ তার ব্যাপারে ইবনু হিবানের কথা প্রমাণ বহন করছে যে, তিনি খুবই দুর্বল। কিছু পূর্বেই  
আমি তার একটি হাদীস (১৪০৯) উল্লেখ করেছি। তার থেকে বর্ণনাকারী আমর ইবনু হুসায়েন তার চেয়েও বেশী  
নিকৃষ্ট। তাকে জাল করার দোষে দোষী করা হয়েছে যেমনটি একাধিকবার পূর্বে আলোচিত হয়েছে। এ কারণেই  
সুযুক্তী ইবনু হিবানের বর্ণনা থেকে তার হাদীসকে উল্লেখ করে ক্রটি করেছেন। তিনি আরো একটি ক্রটি করেছেন  
যে তিনি সম্পূর্ণ হাদীসটিকে উল্লেখ না করে নিচে দাগ দেয়া অংশটুকু উল্লেখ করেছেন। এতে করে সন্দেহ সৃষ্টি  
হতে পারে যে হয়তো ইবনু আদীর নিকট একাপই বর্ণিত হয়েছে। তার সাথে মানবীও অংশগ্রহণ করে বলেছেন  
যে, আবু ইয়ালা তার বর্ণনাতেঃ "কারণ আমি তোমাদের নিয়ে অন্যান্য উম্মাতের সামনে অহঙ্কার করব..." পরের  
অংশগুলো বৃদ্ধি করেছেন।

এ থেকে সন্দেহ সৃষ্টি হতে পারে যে, এ বার্ধিত অংশ ইবনু আদীর নিকট নেই। সম্ভবত তিনি এ ব্যাপারে অবগত হননি।

অতঃপর মানবী ইবনু আদীর বক্তব্য উল্লেখ করে সুযুতীর চুপ থাকার সমালোচনা করেছেন। ইমাম সুযুতী ও অন্যদেরও এরূপ চুপ থাকার ঘটনা প্রচুর পরিমাণে ঘটেছে এবং এটি এমন একটি বিষয় যে, এতে পরের যুগের অনেকে জড়িয়ে পড়েছেন। খুব কম সংখ্যকই এ সমস্যা থেকে বাঁচতে পেরেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72292>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন